দৈনিক সংবাদ

NOV. 19 2001

তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ...২... কলাম ... ৩ ...

### ঢা.বি উপাচার্যের সঙ্গে আজ বৈঠক

# দাবি পূরণ না হলে লাগাতার আন্দোলন

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে সহাবস্থানসহ বিভিন্ন দাবি নিয়ে ছাত্রলীগ আজ সোমবার নতুন উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করবে। আলোচনা ফলপ্রসূ না হলে ছাত্রলীগ বৃহত্তর আন্দোলনে যাবে বলে ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারী এ প্রতিবেদককে জানিয়েছেন। ৬ সদস্যের একটি প্রতিনিধিদল সকাল ১১টায় উপাচার্যের সঙ্গে আলোচনায় বসবে। প্রতিনিধিদলের মধ্যে রয়েছে কেন্দ্রীয় সহ-সভাপতি গাজী মেজবাহুল হক সাচ্চু, আবদুল মতিন; যুগ্ম সম্পাদক আনিসুর রহমান, লিয়াকত শিকদার এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার ভারপ্রাপ্ত সভাপতি বেগ শাহীন জাহান ও সাধারণ সম্পাদক এ. কে. এম আজিম।

ছাত্রলীগের দাবির মধ্যে রয়েছে, হলগুলো খালি করে বহিরাগতদের বিতাড়ন করে সকল বৈধ ছাত্রকে হলে উঠানো ও কার্যকর সহায়তা দেয়ার ব্যবস্থা, সকল ছাত্রলীগ নেতা-কর্মীর ক্লাস পরীক্ষা নেয়ার ব্যবস্থা, মনিটরিং সেল গঠন করে ছাত্রদের খোঁজ-খবর নেয়া, আহত ছাত্রলীগ কর্মীদের চিকিৎসার ব্যয়ভার বহন এবং যেসব ছাত্রলীগ কর্মী পরীক্ষা দিতে পারেনি তাদের পরীক্ষার সুযোগ দেয়া ইত্যাদি।

এসব দাবি পূরণ না হলে ছাত্রলীগ লাগাতার আন্দোলনে যাবে বলে বাহাদুর বেপারী জানিয়েছেন। ধারাবাহিক আন্দোলনের মধ্যে রয়েছে, বিক্ষোভমিছিল-সমাবেশ, অবস্থান ধর্মঘট, সকল ছাত্র-সংগঠনের সঙ্গে আলোচনা, সর্বোপরি লাগাতার ধর্মঘট।

এদিকে, নতুন উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী বলেছেন, সহাবস্থানের জন্য আমি সকল ব্যবস্থাই নেব। সন্ত্রাস দমন এবং সুষ্ঠু শিক্ষার পরিবেশই আমার প্রধান লক্ষ্য, এতে প্রয়োজনে জীবন দেব।